# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ।

ফোন ঃ ২২৩৩৮৪৫৩৯; ই-মেইল ঃ dgmengineering@krishibank.org.bd


প্রকা/প্রকিউর-২(২৮)/উত্তরা ভবন/২০২৩-২৪/ ১৬৫১ তারিখঃ ৩০/০৬/২০২৪ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপমহাব্যবস্থাপক কর্পোরেট শাখাসমূহ
সকল মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংক, উত্তরাস্থ ডরমেটরী ভবনের ব্যবহার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক, উত্তরাস্থ ডরমেটরী ভবনের ব্যবহার বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্নিত শর্তসাপেক্ষে বিভিন্ন কক্ষ বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

শর্তাবলীঃ

ক) যে সকল কর্মকর্তা/কর্মচারী পরিবার নিয়ে থাকার আবেদন করবে তাকে ৩টি কক্ষ একসাথে (ফ্ল্যাট হিসেবে) বরাদ্দ নিতে হবে।

খ) নীচতলার ০৬(ছয়)টি কক্ষ একক কক্ষ বিবেচনা করে ব্যাচেলর বোর্ডার(পরিবারসহ যারা কর্মস্থলে অবস্থানরত নয়) এবং দ্বিতীয় তলা থেকে ষষ্ঠ তলা পর্যন্ত পরিবার সহ বরাদ্দ প্রদান করা হবে। তবে, একক বোর্ডার পাওয়া না গেলে নীচতলায় পরিবার সহ বরাদ্দ প্রদান করা যাবে।

গ) ঢাকা মহানগরীর বিভিন্ন শাখা/কার্যালয়ে কর্মরত আছেন এমন কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে কক্ষ বরাদ্দ দেয়া যাবে। যে সকল কর্মকর্তা/কর্মচারীর ঢাকা মহানগরীতে নিজস্ব বাড়ি/ফ্ল্যাট রয়েছে তাদের অনুকূলে কক্ষ/ফ্ল্যাট বরাদ্দ দেয়া যাবে না।

ঘ) নিম্নোক্তভাবে মাসিক কক্ষ ভাড়া পুনঃনির্ধারন করা হলোঃ

১) বড় কক্ষের(১২′ x ১৩′) মাসিক ভাড়া ৩,০০০/- হতে বৃদ্ধি করে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং
২) ছোট কক্ষের(১০′ x ১২′) মাসিক ভাড়া ২,৫০০/- হতে বৃদ্ধি করে ৪,০০০/- (চার হাজার) টাকা। অর্থাৎ ৩টি কক্ষের মাসিক ভাড়া ১৩,০০০/-(তের হাজার) টাকা নির্ধারন করা হলো তবে, পরিবারসহ যারা থাকবেন তাদের ক্ষেত্রে ফ্ল্যাট প্রতি মাসিক ভাড়া ১২,০০০/-(বার হাজার) টাকা নির্ধারন করা হলো।
৩) বেতন প্রদানকারী কর্তৃপক্ষ ব্যবহারকারী বোর্ডার এর প্রত্যেক মাসের বেতন হতে নির্ধারিত ভাড়া কর্তন নিশ্চিত করবেন।

ঙ) ডরমিটরিতে বসবাসরত বোর্ডারদের মধ্য থেকে একজন কেয়ারকেটার নির্বাচিত হবেন। কেয়ারটেকার ডরমেটরীতে বসবাসরত সকল বোর্ডারদের নিকট থেকে নিয়মিত মাসিক পানি, বিদ্যুৎ ও গ্যাস বিল যথাসময়ে প্রস্তুত করে আদায়ের জন্য এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগকে অবহিত করবেন। এছাড়া ডরমিটরীতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে এবং বোর্ডারদের জরুরী কোন সমস্যা দেখা দিলে তা জরুরী ভিত্তিতে কর্তৃপক্ষকে অবহিত করবেন। কেয়ারটেকার তার পারিশ্রমিক হিসেবে ২৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা তার মাসিক কক্ষ/ফ্ল্যাট ভাড়া থেকে অব্যাহতি পাবেন।

চ) যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী ডরমেটরীতে থাকতে চান তাদেরকে উপমহাব্যবস্থাপক, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর আবেদন করতে হবে। কক্ষ খালি থাকা সাপেক্ষে উপমহাব্যবস্থাপক, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে কক্ষ বরাদ্দ প্রদান করবে। আবেদনকারীর সংখ্যা মোট কক্ষ সংখ্যার চেয়ে বেশি হলে জ্যেষ্ঠতার ভিত্তিতে বরাদ্দ দেয়া হবে।

চলমান পাতা/২

ছ) বিদ্যুৎ, গ্যাস ও পানির বিলের টাকা এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ হতে প্রাপ্ত তালিকা মোতাবেক অনুপাতিক হারে ব্যবহারকারী/বোর্ডার এর প্রত্যেক মাসের বেতন হতে বেতন প্রদানকারী কর্তৃপক্ষ কর্তন করবেন।

জ) অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী, চাকুরীচ্যুত কর্মকর্তা/কর্মচারী এবং ঢাকা মহানগরীর বাহিরে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীদের কক্ষের বরাদ্দপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং বরাদ্দকৃত কক্ষের চাবি এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের নিকট বুঝিয়ে দিতে হবে।

ঝ) একজনের নামে বরাদ্দপ্রাপ্ত কক্ষে অন্য কোন কর্মকর্তা/কর্মচারী বসবাস করতে পারবেন না। এরূপ ক্ষেত্রে বরাদ্দ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী এবং অবৈধভাবে অবস্থানকারী কর্মকর্তা/কর্মচারী উভয়ের বিরুদ্ধে শৃংখলা ভঙ্গের দায়ে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী চাকুরী প্রবিধানমালা ২০০৮ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক শৃংখলাজনিত মোকাদ্দমা দায়ের করা হবে।

ঞ) বদলি জনিত অথবা অন্য যে কোন কারনে বরাদ্দকৃত কক্ষ ছেড়ে দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে পূর্বেই লিখিতভাবে এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগকে অবহিত করতে হবে এবং সংশ্লিষ্ট কক্ষের চাবি যথাযথ কর্তৃপক্ষের নিকট বুঝিয়ে দিতে হবে।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের উত্তরাস্থ ডরমেটরী ভবনে বসবাসরত সকল কর্মকর্তা/কর্মচারীকে উপরোক্ত শর্তাবলী পরিপালন করার জন্য পরামর্শ দেয়া হলো যা আগামী ০১/০৭/২০২৪ খ্রিঃ থেকে কার্যকর হবে। উক্ত তারিখের পর থেকে প্রশাসন পরিপত্র নং-১১/২০০৯ তারিখ ঃ ৩০-০৭-২০০৯খ্রিঃ এবং পরবর্তীতে সংশোধিত পত্র নং প্রকা/প্রকিউর-২(২৮)অংশ-০২/২০১৬-২০১৭/৫৩৬ তারিখ ০৮-০২-২০১৭খ্রিঃ বাতিল বলে গণ্য হবে।

অনুমোদনক্রমে-

৩০.০৬.২৪

(মো: আনোয়ারুল আজিম খান)
উপমহাব্যবস্থাপক

প্রকা/প্রকিউর-২(২৮)/উত্তরা ভবন/২০২৩-২৪/ ১৬০৯

তারিখঃ ৩০/০৬/২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি, সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৭। বিকেবি, উত্তরাস্থ ডরমেটরী ভবনে বসবাসরত বোর্ডারগণ।
০৮। নথি।

৩০/০৬/২০২৪

(মোঃ তৌহিদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক